

## 💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৭২৩

১. পবিত্রতা (১)

পরিচ্ছেদঃ ৬৭. মোজাদ্বয়ের উপর মসেহ করার অনুমতি এবং তৎসংশ্লিষ্ট বিষয়। এ সম্পর্কে বিভিন্নরূপ রিওয়ায়াত

بَابُ الرُّخْصَةِ فِي الْمَسْحِ عَلَى الْخُفَّيْنِ ، وَمَا فِيهِ ، وَاخْتِلَافِ الرِّوَايَاتِ

## আরবী

حَدَّثَنَا ابْنِ مُبَشِّرٍ، نَا أَبُو مُوسَى مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى ، ح : وَحَدَّثَنَا ابْنُ مُبَشِّرٍ ، نَا أَبُو مُوسَى مُحَمَّدُ بْنُ الْعُبَّاسُ بْنُ يَزِيدَ ، قَالُوا : حَدَّثَنَا عَبْدُ الْأَشْعَثِ ، ح : وَحَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ حَمَّادٍ ، نَا الْعُبَّاسُ بْنُ يَزِيدَ ، قَالُوا : حَدَّثَنَا عَبْدُ الْأَشْعَثِ ، نَا الْمُهَاجِرُ أَبُو مَخْلَدٍ مَوْلَى الْبَكَرَاتِ ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي بَكْرَةَ ، وَلُوهَابِ الثَّقَفِيُّ ، نَا الْمُهَاجِرُ أَبُو مَخْلَدٍ مَوْلَى الْبَكَرَاتِ ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي بَكْرَةَ ، عَنْ أَبِيهِ ، عَنِ النَّبِيِّ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ : " أَنَّهُ رَخَّصَ لِلْمُسَافِرِ ثَلَاثَةَ أَيَّامٍ وَلَيَالِيَهُنَّ ، وَلِلْمُقِيمِ يَوْمًا وَلَيْلَةً ، إِذَا تَطَهَّرَ وَلَبِسَ خُفَيْهِ : أَنْ يَمْسَحَ عَلَيْهِمَا " . وَقَالَ أَبُو الْأَشْعَثِ : " يَمْسَحُ الْمُسَافِرُ ثَلَاثَةَ أَيَّامٍ وَلَيَالِيَهُنَّ ، وَالْمُقِيمُ يَوْمًا وَلَيْلَةً

## বাংলা

৭২৩(১)। ইবনে মুবাশশির (রহঃ) ... আবদুর রহমান ইবনে আবু বাকরা (রহঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুসাফিরের জন্য তিন দিন ও তিন রাত এবং মুকীমের জন্য এক দিন ও এক রাত মোজাদ্বয়ের উপর মসেহ করার অনুমতি দিয়েছেন, যদি সে পবিত্রতা অর্জন করে মোজাদ্বয় পরিধান করে থাকে। আবুল আশ'আছ (রহঃ)-এর বর্ণনায় আছে, তিনি বলেন, মুসাফির তিন দিন ও তিন রাত এবং মুকীম এক দিন ও এক রাত (মোজার উপর) মসেহ করবে।

## হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু আবূ বাকরা (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন